

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩১৭৫

আগরতলা, ০১ অক্টোবর, ২০২৩

সোসাইটি অব প্যাথলজিস্টস অব ত্রিপুরার ১২তম দ্বিবার্ষিক রাজ্য সম্মেলন  
রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামোকে শক্তিশালী করা হচ্ছে : মুখ্যমন্ত্রী

রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামোকে শক্তিশালী করা হচ্ছে। রাজ্যের জেলা হাসপাতালগুলিতে উন্নত চিকিৎসা পরিষেবা প্রদান ও স্বাস্থ্য কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়নে সরকার অগ্রাধিকার দিয়েছে। আজ আগরতলার আইএমএ হাউসে সোসাইটি অব প্যাথলজিস্টস, মাইক্রোবায়োলজিস্টস ও বায়োকেমিস্টস অব ত্রিপুরার ১২তম দ্বিবার্ষিক রাজ্য সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রোগীদের চিকিৎসায় সঠিক রোগ নির্ণয় অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। রাজ্যে রোগ নির্ণয় পদ্ধতি ও রোগ নির্ণয়ের যন্ত্রপাতিগুলি এখন অনেক উন্নতমানের। রাজ্যের ছেলেমেয়েরা দক্ষতা এবং ক্ষমতার দিক থেকে কোনও অংশে কম নয়। দেশের বহু বড় হাসপাতালগুলিতে রাজ্যের ছেলেমেয়েরা কৃতিত্বের সাথে কাজ করছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মুখ্যমন্ত্রী সমীপে কর্মসূচিতে যারা আসেন তাদের অধিকাংশই ক্যান্সার রোগে আক্রান্ত। সঠিকভাবে ক্যান্সার রোগের নির্ণয় ও চিকিৎসা করা হলে ক্যান্সার রোগেরও নিরাময় সম্ভব। এ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী রাজ্যে অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার হাসপাতালের উন্নত চিকিৎসা ব্যবস্থা ও পরিকাঠামোর বিষয়টি উল্লেখ করেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে বর্তমানে উন্নত চিকিৎসা ব্যবস্থা রয়েছে। সে সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা বাড়ানোর উপর সরকার গুরুত্ব দিয়েছে। রাজ্য বাজেটে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা চালু করার জন্য অর্থের সংস্থান রাখা হয়েছে। ধলাই জেলা হাসপাতালে কার্ডিয়াক কেয়ার ইউনিট স্থাপন করা হয়েছে। ১০০টি উপস্বাস্থ্য কেন্দ্র নির্মাণ করা হবে।

অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার বলেন, বর্তমানে রাজ্যে স্বাস্থ্য ব্যবস্থা অনেক উন্নত। স্বাস্থ্য পরিষেবা ও পরিকাঠামোর উন্নয়নে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিকর্তা ডা. সুপ্রিয় মল্লিক, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডা. অঞ্জন দাস, সোসাইটি অফ প্যাথলজিস্টস, মাইক্রোবায়োলজিস্টস এবং বায়োকেমিস্টস অফ ত্রিপুরার সভাপতি ডা. দেবাশিস রায়। স্বাগত বক্তব্য রাখেন সম্মেলনের অর্গেনাইজিং চেয়ারপার্সন ডা. কুলশেখর ভট্টাচার্য। অনুষ্ঠানে রাজ্যের বরিষ্ঠ চিকিৎসকদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

\*\*\*\*\*